

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৭৬

১/ বিবিধ

আরবী

من ساء خلقه من الرقيق والدواب والصبيان فاقراءوا في أذنيه (أفغير دين الله يبعون)
 الآية
 موضوع

رواه أبو الفضل الهمداني في آخر " مجلس من حديث أبي الشيخ " (66 / 1) وابن
 عساكر (5 / 122 / 2) عن أبي خلف عن أنس بن مالك مرفوعا
 قلت: وهذا إسناد موضوع، قال الذهبي: " أبو خلف الأعمى عن أنس كذبه يحيى بن
 معين، وقال أبو حاتم: منكر الحديث ". والحديث رواه ابن السني (رقم 504) عن
 المنهال بن عيسى: حدثنا يونس بن عبيد قال: فذكره مختصرا نحوه موقوفا عليه.
 ولذلك قال الحافظ: " هو خبر مقطوع والمنهال قال أبو حاتم: مجهول، وقد وجدته عن
 ابن عباس. أخرجه الثعلبي (في التفسير) ". ولم يذكر الحافظ إسناده بتمامه لينظر فيه.
 وقد نقلت كلامه عن " شرح الأذكار " (5 / 152)

বাংলা

৬৭৬। যদি কোন ব্যক্তির দাসদাসী/চতুষ্পদ জন্তু বা শিশু সন্তানের চরিত্র মন্দ হয়ে যায়, তাহলে তার দুই কানে
 নিম্নের আয়াতটি পাঠ করোঃ "তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য দ্বীন তালাশ করছে" সূরা আল-ইমরানঃ
 ৮৩।

হাদীছটি জাল।

এটি আবুল ফযল আল-হামাদানী “মাজলিছুম মিন হাদীছে আবিশ শাইখ” (১/৬৬) গ্রন্থে এবং ইবনু আসাকির (৫/১২২/২) আবু খালাফ হতে তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু’ হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। ইমাম যাহাবী বলেনঃ আবু খালাফ আল-আ’মাকে আনাস (রাঃ) হতে বর্ণনাকারী হিসাবে ইয়াহইয়া ইবনু মা’ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। আবু হাতিম বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ।

হাদীছটি ইবনুস সুন্নী (নং ৫০৪) আল-মিনহাল ইবনু ঈসা হতে তিনি ইউনুস ইবনু ওবায়দ হতে সংক্ষিপ্তাকারে আনাস (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। এ কারণেই হাফিয় ইবনু হাজার বলেনঃ খবরটি মাকতু। আল-মিনহাল সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি মাজহুল। হাদীছটি ইবনু অধ্বাস (রাঃ) হতেও পেয়েছি। ছায়ালাবী তার “তাফসীর” গ্রন্থে বর্ণনা করেছেন। কিন্তু হাফিয় তার পুরো সনদটি উল্লেখ করেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71555>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন